

শুদ্ধাচার সংশ্লিষ্ট পুরস্কার প্রদান নীতিমালা
রূপালী ব্যাংক লিমিটেড

১। পটভূমিঃ

সোনার বাংলা গড়ার প্রত্যয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ সালে মন্ত্রিসভা বৈঠকে অনুমোদিত হওয়ার পর মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট, গেজেট ও পুস্তিকা আকারে প্রকাশ করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প সুখী সমৃদ্ধ সোনার বাংলা এবং অভিলক্ষ্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা। এ কৌশল বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদ এবং মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে উপদেষ্টা পরিষদের নির্বাহী কমিটি গঠিত হয়েছে। জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের অনুযায়ী শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে নৈতিকতা কমিটি গঠিত হয়েছে এবং নৈতিকতা কমিটির সদস্য-সচিব শুদ্ধাচার ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করছেন। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করছে। উক্ত কর্ম-পরিকল্পনায় অন্যান্য কর্মকাণ্ডের সাথে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। শুদ্ধাচার চর্চায় সরকারের কার্যক্রমের সমান্তরালে বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহেও অনুরূপ কার্যক্রম গৃহীত হয়েছে। সকল ব্যাংকে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি গঠন, ফোকাল পয়েন্ট নির্ধারণ ও কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। শুদ্ধাচার চর্চায় সরকারের কার্যক্রমের সমান্তরালে বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহেও অনুরূপ কার্যক্রম গৃহীত হয়েছে। সকল ব্যাংকে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি গঠন, ফোকাল পয়েন্ট নির্ধারণ ও কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় কর্মকর্তা/কর্মচারীগণের জন্য পুরস্কার প্রদানের কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। সে লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮, তারিখঃ ০৮ আগস্ট, ২০১৮ এর মাধ্যমে প্রচারিত নীতিমালা অনুসারে রূপালী ব্যাংক লিমিটেড-এর কর্মকর্তা/কর্মচারীগণের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা প্রণীত হলো।

২। উদ্দেশ্যঃ

রূপালী ব্যাংক লিমিটেড-এর নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীগণের পুরস্কার প্রদানের উদ্দেশ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো। এ নীতিমালা অনুসরণে রূপালী ব্যাংক লিমিটেড-এর কর্মকর্তা/কর্মচারীগণের শুদ্ধাচার চর্চার নিমিত্ত প্রতি ইংরেজি পঞ্জিকাবর্ষে পুরস্কার প্রদান করতে হবে।

৩। পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহঃ

৩.১ শুদ্ধাচার চর্চার জন্য রূপালী ব্যাংক লিমিটেড-এর নিম্নোক্ত ক্ষেত্রসমূহ বিবেচনা করা হবেঃ

- ব্যাংকের প্রধান নির্বাহী হতে পরবর্তী নিম্নতর দুই ধাপের কর্মকর্তাগণ
- ব্যাংকের চতুর্থ ধাপের কর্মকর্তা হতে ষষ্ঠ ধাপের কর্মকর্তাগণ
- ব্যাংকের সপ্তম ধাপের কর্মকর্তা হতে পরবর্তী নিম্নতর ধাপসমূহের কর্মকর্তাগণ
- ব্যাংকের শাখা ব্যবস্থাপকবৃন্দ (এই ধাপে বিবেচিত যেকোন পদবীধারী কর্মকর্তা অন্য কোন ধাপে বিবেচিত হবেন না)
- ব্যাংকের কর্মচারীবৃন্দ (পিয়ন/ম্যাসেঞ্জার/দারোয়ান/গার্ড সহ কর্মরত এই স্তরের সকল কর্মচারীবৃন্দ)

৪। মূল্যায়ন পদ্ধতিঃ

নীতিমালায় বর্ণিত সূচক (Indicators)-এর ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণে এ পুরস্কার প্রদানের

Handwritten signature